



SAMARJIT BHOWMIK

SECRETARY
GOVERNMENT OF TRIPURA
NEW SECRETARIAT COMPLEX
P.O.-KUNJABAN, 799 006
AGARTALA

বিশ্ব হাট্‌ দিবস উপলক্ষে
মাননীয় স্বাস্থ্য সচিব, ত্রিপুরা সরকার এর আবেদন

২৯ সেপ্টেম্বর, ২০১৮ বিশ্ব হাট্‌ দিবস। হৃদরোগজনিত কারণে মৃত্যুর সংখ্যা সারা বিশ্বেই ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এই হৃদরোগজনিত মৃত্যুর হাত থেকে রক্ষা পেতে হলে নিয়মিতভাবে শরীরচর্চা বা ব্যায়াম করা, কম চর্বি ও কম লবণযুক্ত খাদ্য গ্রহণ, ধূমপান, মদ্যপান, তামাকজাতীয় দ্রব্য ত্যাগ করার মাধ্যমে স্বাস্থ্যকর জীবনযাপন সুনিশ্চিত করতে হবে। পাশাপাশি এই রোগে যারা আক্রান্ত তাদের সুচিকিৎসা জরুরী। হৃদরোগের বা হাট্‌ অ্যাটাকের রোগীর যত দ্রুত চিকিৎসার ব্যবস্থা করা যায় ততই মৃত্যুর সম্ভাবনা কমে যায়। তাই হৃদরোগ আক্রান্ত ব্যক্তির যত তাড়াতাড়ি সম্ভব স্বাস্থ্য প্রতিষ্ঠানে কিংবা চিকিৎসকের কাছে নিয়ে যাওয়ার জন্যও জনসচেতনতা সৃষ্টি করতে হবে। এক্ষেত্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সমস্ত অংশের কর্মচারীদের দায়বদ্ধ ভূমিকা যেমন প্রত্যাশিত তেমনি রাজ্যের সর্বস্তরের জনগণের সচেতন ভূমিকা গ্রহণ করা আবশ্যিক।

(সমরজিৎ ভৌমিক)

সচিব